

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪২৫

১/ বিবিধ

আরবী

موت الغريب شهادة، إذا احتضر فرمى ببصره عن يمينه وعن يساره فلم ير إلا غريبا، وذكر أهله وولده، وتنفس، فله بكل نفس يتنفسه يمحوالله عنه ألفي ألف سيئة، ويكتب له ألفي ألف حسنة
موضوع

رواه الطبراني (3 / 107 / 1) من طريق عمرو بن الحصين العقيلي، أخبرنا محمد بن عبد الله بن علاثة، عن الحكم بن أبان، عن وهب بن منبه، عن ابن عباس مرفوعا قلت: وهذا موضوع عمرو بن الحصين كذاب، وقد تقدم له أحاديث موضوعة كثيرة، وابن علاثة ضعيف واتهمه بعضهم، لكن قيل: إن الآفة من الراوي عنه ابن الحصين هذا.

والحديث قال الهيثمي (2 / 317)

رواه الطبراني في " الكبير وفيه عمرو بن الحصين العقيلي وهو متروك قلت: والجملة الأولى منه ذكرها ابن الجوزي في " الموضوعات " من طريق أخرى عن ابن عباس وقال: لا يصح وتعقبه السيوطي في " اللآليء " (2 / 132 - 133) بأن له طرقا أخرى وشواهد، قلت: وكلها معلولة وبعضها أشد ضعفا من بعض، فلا يستفيد الحديث منها إلا الضعف فقط، وأما سائر الحديث، فموضوع لخلوه من شاهد، ومن عجائب السيوطي أنه ذكر هذه الطريق الموضوعة في جملة الطرق والشواهد

বাংলা

৪২৫। গরীবের বিদেশে অবস্থানকারীর মৃত্যু হচ্ছে শাহাদাত। যখন মৃত্যুকে তার নিকট উপস্থিত করা হবে, তখন সে তার দৃষ্টি ডানে এবং বামে নিষ্কেপ করবে। তাতে সে গরীব বিদেশী ছাড়া অন্য কাউকে দেখবে না। এমতাবস্থায় সে তার পরিবার এবং সন্তানদের স্মরণ করবে এবং নিশ্বাস নিবে। সে যে নিশ্বাস নিবে তার জন্য প্রত্যেক নিশ্বাসের দ্বারা আল্লাহ তার থেকে বিশ লাখ গুনাহ মুছে ফেলবেন এবং বিশ লাখ সৎকর্মের সাওয়াব তার জন্য লিখে দিবেন।

হাদীসটি জাল।

এটি তাবারানী (৩/১০৭/১) আমর ইবনুল হুসাইন উকায়লী সূত্রে মুহাম্মাদ ইবনু আবদিল্লাহ ইবনে আলাসা হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। আমর ইবনুল হুসাইন মিথ্যুক। তার বহু হাদীস পূর্বে আলোচিত হয়েছে।

ইবনু আলাসা দুর্বল। তাকে কেউ কেউ মিথ্যার দোষে দোষী করেছেন।

হায়সামী (২/৩১৭) আমর ইবনুল হুসাইনকে মাতরুক বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির প্রথমংশ ইবনুল জওয়ী “আল-মাওয়ুআত” গ্রন্থে (২/২২১) ইবনু আব্বাস (রাঃ) হতে অন্য সূত্রে উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়।

সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (২/১৩২-১৩৩) তার সমালোচনা করে বলেছেনঃ এটির আরো সূত্র এবং শাহেদ রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ সেগুলোর সবগুলোতেই সমস্যা রয়েছে। যার কোন কোনটি অপরটির চেয়ে বেশী দুর্বল। সেগুলো হতে দুর্বলতা ছাড়া আর কোন উপকার পাওয়া যাবে না। কিন্তু পুরো হাদীসটি বানোয়াট। এর কোন শাহেদ নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68010>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন